বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)
273/3, West Manikdi (3rd floor), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka-1206
Phone: +88-01712988982, E-mail: bgapmea@gmail.com, Website: www.bgapmea.org
BGAPMEA

বিজিএপিএমইএ নির্বাচন ২০২৩/০১
২০ আগষ্ট, ২০২৩ইং

ডাকযোগে প্রেরণে সত্যায়িত

নির্বাচনী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) এর পরিচালনা পরিষদের দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ আগামী **১৮ নভেম্বর ২০২৩, শনিবার** অনুষ্ঠিত হবে। এতদ্‌সঙ্গে নির্বাচনী তফসিল (সংযোজনী-১) সংযুক্ত করা হলোঃ-

নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী

১। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী আবশ্যকীয় (প্রতিটি ডকুমেন্ট দুই কপি করে জমা প্রদান করতে হবে এবং জমা প্রদানের সময় মিলিয়ে দেখার জন্য মূল কপি সাথে আনতে হবে)ঃ
(ক) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
(খ) সংশ্লিষ্ট আয়কর সার্কেল হতে প্রদত্ত আয়কর রিটার্ণ দাখিলের প্রত্যয়ন পত্রের কপি;
(গ) ভোটার হবেনঃ (১) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালক মন্ডলীর সদস্য (চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক) এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি; (২) পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনার এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পার্টনারদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি এবং (৩) প্রোপ্রাইটারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোপ্রাইটর হিসেবে উল্লেখিত হয়ে ট্রেড লাইসেন্সের কপি;
(ঘ) দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি।

২। নির্বাচন তফসিলে বর্ণিত তারিখের মধ্যে এসোসিয়েশনের প্রাপ্ত চাঁদা বকেয়া রেখেছেন এমন কোন সদস্য উক্ত নির্বাচনে ভোটার হতে পারবেন না।

৩। প্রাথমিক ভোটার তালিকায় কারো নাম অন্তর্ভুক্তি বা সংশোধন বা তা হতে বাদ দেয়ার প্রয়োজন হলে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে নির্বাচনী আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাতে হবে। দাখিলকৃত আপত্তির ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৪। নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করেননি এরূপ কোন সদস্য পরিচালনা পরিষদ নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী হতে পারবেন নাঃ
(ক) ভোটার তালিকায় নাম নেই;
(খ) ঋণখেলাপী নয় মর্মে লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র নেই;
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স নেই;
(ঘ) হালনাগাদ ইনকাম ট্যাক্স রিটার্ণ দাখিলের প্রত্যয়ন পত্র নেই;
(ঙ) হালনাগাদ ভ্যাট রিটার্ণ দাখিলের প্রত্যয়ন পত্র নেই;
(চ) সংশ্লিষ্ট থানার পুলিশ ক্লিয়ারেন্স এর কপি নেই;
(ছ) (১)লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালক মন্ডলীর সদস্য (চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক) এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি নেই; (২) পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনার এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পার্টনারদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি নেই এবং (৩) প্রোপ্রাইটারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোপ্রাইটর হিসেবে উল্লেখিত হয়ে ট্রেড লাইসেন্সের কপি নেই;

৫। নগদ ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত যে কোন ভোটার প্রাথমিক অথবা চূড়ান্ত ভোটার তালিকা সংগ্রহ করতে পারবে।

৬। প্রতি প্রার্থীকে পরিচালক পদের মনোনয়ন ফি বাবদ নগদ ১২,০০০/- (বারো হাজার) টাকা এবং ভোটার তালিকা বাবদ উপরে উল্লেখিত ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ১৩,০০০/- (তের হাজার) টাকা মাত্র নগদে জমা দিতে হবে। মনোনয়ন পত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি প্রদানের মূল রশিদ সংযুক্ত করতে হবে। সকল মনোনয়ন ফি অফেরৎযোগ্য এবং নির্বাচনী আয় হিসেবে গণ্য হবে।

৭। মনোনয়ন পত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা তার প্রতিনিধি/প্রস্তাবকারী/সমর্থনকারীর মধ্যে যে কোন একজন উপস্থিত থাকতে পারবেন।

চলমান পৃষ্ঠা-১/৫

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)
273/3, West Manikdi (3rd floor), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka-1206
Phone: +88-01712988982, E-mail: bgapmea@gmail.com, Website: www.bgapmea.org
BGAPMEA

৮। অফিস বিয়ারার নির্বাচনে সভাপতি পদের মনোনয়ন ফি বাবদ নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার), ১ম সহ-সভাপতি পদের মনোনয়ন ফি বাবদ নগদ ৪০,০০০/- (চল্লিশ হাজার), ২য় সহ-সভাপতি পদের মনোনয়ন ফি বাবদ নগদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার), সহ-সভাপতি পদের মনোনয়ন ফি বাবদ নগদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং সহ-সভাপতি (অর্থ) পদের মনোনয়ন ফি বাবদ নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র জমা দিতে হবে। মনোনয়ন ফি অফেরৎযোগ্য ও নির্বাচনী আয় হিসেব গণ্য হবে।

৯। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর থেকে অফিস চলাকালীন মনোনয়ন ফি প্রদানপূর্বক মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে।

১০। নির্বাচন বোর্ড কারো মনোনয়ন পত্র বাতিল করলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর নির্বাচনী তফসিলে বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। এ ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকলে ফলাফল প্রকাশের পর নির্বাচনী তফসিলে বর্ণিত সময়ের মধ্যে আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১২। নির্বাচনে ভোট দানের অধিকারী সদস্যগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন। প্রক্সির মাধ্যমে কোন ভোট দেয়া যাবে না।

১৩। কার্যনির্বাহি কমিটির সকল সদস্য ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

১৪। নির্বাচনী বোর্ড প্রদত্ত ছবি সম্বলিত ভোটার পরিচয়পত্র প্রদর্শনের ভিত্তিতে ভোটার সনাক্তকরনের মাধ্যমে ভোট দিতে হবে।

১৫। যতগুলো পদের জন্য ভোট অনুষ্ঠিত হবে তার চেয়ে কম বা বেশী ভোট প্রদান করলে ভোট বাতিল বলে গণ্য হবে।

১৬। পরিচালক পদে নির্বাচিত ঘোষিত হবার পর নির্বাচনী বোর্ড নবনির্বাচিত পরিচালকগণের মধ্য থেকে অফিস বিয়ারার নির্বাচন সম্পন্ন করবেন। সভাপতি - ১টি, ১ম সহ-সভাপতি - ১টি, ২য় সহ-সভাপতি - ১টি, সহ-সভাপতি - ১টি এবং সহ-সভাপতি (অর্থ) - ১টি।

১৭। কোন পদে ভোট সংখ্যা সমান হলে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।

১৯। নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি এসোসিয়েশন সচিবালয়েল এবং চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

২০। নির্বাচনী তফসিলে বর্ণিত কোন বিষয়ের তারিখে যে কোন কারণে বন্ধ থাকলে বা সরকারী ছুটি থাকলে পরবর্তী কর্মদিবস তফসিলের কর্মদিবস বলে গণ্য হবে।

২১। নির্বাচনী বোর্ড সচিবালয়ের সময়সূচী সরকারী ছুটি ব্যতীত সপ্তাহের শনিবার থেকে বৃহস্পতিবার প্রতিদিন সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত নির্ধারিত থাকবে।

২২। নির্বাচনী বিজ্ঞপ্তি এবং তফসিলে যেরূপই বর্ণিত হোক না কেন, নির্বাচনের সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা- ১৯৯৪, এসোসিয়েশনের সংঘবিধি এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রযোজ্য প্রজ্ঞাপন অনুযায়ী পরিচালিত হবে। কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং বাণিজ্য সংগঠন আইন-২০২২ প্রাধান্য পাবে।

২৩। নির্বাচনী বিজ্ঞপ্তি, নির্বাচনী আচরণ বিধি, নির্বাচনী তফসিলসহ নির্বাচনী কার্যক্রমের যে কোন পর্যায়ে ঐ সমস্ত আইন ও বিধি-বিধানের ব্যত্যয় গোঁচরীভূত হলে আইনানুগভাবে নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচনী বোর্ড কর্তৃক বিধিসম্মত পরিবর্তন, সংশোধন ও সংযোজন করা হবে।

(ডা. এ. কে. এম. হামিদ)
সদস্য, নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ নির্বাচন
নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ

20.8.2023
(নিহাদ কবির)
সদস্য, নির্বাচনী বোর্ড,
বিজিএপিএমইএ নির্বাচন
সদস্য
নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ

20.8.2023
(শামিমা ইয়াসমিন)
চেয়ারম্যান, নির্বাচনী বোর্ড,
বিজিএপিএমইএ নির্বাচন
চেয়ারম্যান
নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ

চলমান পৃষ্ঠা-২/৫

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)
273/3, West Manikdi (3rd floor), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka-1206
Phone: +88-01712988982, E-mail: bgapmea@gmail.com, Website: www.bgapmea.org
BGAPMEA

নির্বাচনী আচরণ বিধি

১. নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাঁহার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে (বাঃমঃআঃ-২০০২/৪২৪ তাং-৩১-০৭-২০০২), যথা ঃ-

(ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

(খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

(গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 সাইজের প্রচার পত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরন করা যাইবে না।

(ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধায়নে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।

(চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

(ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পুর্ণ নিষিদ্ধ থাকিবে।

(জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভুতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবে না।

২. নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবে।

৩. এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। **নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে।** উপদফা (১) এ বর্ণিত আচরণ বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ থেকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হইবে। **নোটিশবোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে।** শুনানী গ্রহণ শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৪. নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন । নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা , আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচন প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

৫. ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে একসংগে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

৬. ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্টনির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হইতে বহিস্কার করিতে পারিবে।

৭. নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পরিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

৮. কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।

৯. চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়াছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণ বিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

১০. নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

চলমান পৃষ্ঠা-৩/৫

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)
273/3, West Manikdi (3rd floor), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka-1206
Phone: +88-01712988982, E-mail: bgapmea@gmail.com, Website: www.bgapmea.org
BGAPMEA

১১. নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ স্বত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন কক্ষ হতে বহিস্কার অথবা উপদফা (৩) এ বর্ণিত বিধান পূর্বক তাহার প্রার্থীপদ বাতিল করা যাইবে।

১২. **নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করিবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।**

১৩. **ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং টি.আই.এন নম্বর উল্লেখ করিতে হইবে। নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে ভোট প্রদান করা যাইবে না।**

১৪. পরিচিতি পত্রের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার সনাক্ত করা হইলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করিয়া ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সিলসহ যথাযথভাবে পূরণকরতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্টভোটারকে প্রদান করিবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করিয়া ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করিবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাইবে না।

১৫. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাদের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

১৬. ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।

১৭. একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাইবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।

১৮. ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।

১৯. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

২০. উপদফা (১৯) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

২১. নির্বাচন বোর্ড গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া **প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবে**। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে, যথা ঃ-
(ক) **ব্যালট পত্রে নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে;**
(খ) **নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্তি অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে;** এবং
(গ) **কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালটপত্র।**

(ডা. এ. কে. এম. হামিদ)
সদস্য, নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ নির্বাচন
সদস্য
নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ

Nihad Kabir 20.08.2023
(নিহাদ কবির)
সদস্য, নির্বাচনী বোর্ড,
বিজিএপিএমইএ নির্বাচন
সদস্য
নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ

(শামিমা ইয়াসমিন)
চেয়ারম্যান, নির্বাচনী বোর্ড,
বিজিএপিএমইএ নির্বাচন
চেয়ারম্যান
নির্বাচনী বোর্ড
বিজিএপিএমইএ

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)
Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA)
273/3, West Manikdi (3rd floor), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka-1206
Phone: +88-01712988982, E-mail: bgapmea@gmail.com, Website: www.bgapmea.org

২০ আগষ্ট, ২০২৩ইং

সংযোজনী-১

নির্বাচনী তফসিল

২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ইং পর্যন্ত ০২ বছর মেয়াদের জন্য বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) এর পরিচালনা পরিষদের পরিচালক ও অফিস বিয়ারার নির্বাচন তফসিলঃ

ক্রম	বিবরন	তারিখ, দিন ও সময়
১	ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হওয়ার জন্য বকেয়াসহ বার্ষিক চাঁদা-২০২৩ইং পরিশোধ, হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, সংশ্লিষ্ট আয়কর সার্কেল হতে প্রদত্ত আয়কর রিটার্ণ দাখিলের প্রত্যয়ন পত্রের কপি, বিজিএপিএমইএ-তে প্রতিনিধিত্বকারীর (ভোটার) সমর্থনে (১) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালক মন্ডলীর সদস্য (চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক) এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি; (২) পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনার এবং তাঁর স্বপক্ষে ০৭-১১-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখের মধ্যবর্তী সময়ে অনুষ্ঠিত পার্টনারদের সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর কপি, (৩) প্রোপ্রাইটারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রোপ্রাইটর হিসেবে উল্লেখিত হয়ে ট্রেড লাইসেন্সের কপি এবং দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি জমাদানের সর্বশেষ তারিখ ও সময়। (বিধিমালা-১৫.১, ৬.১, বাঃমঃআঃ-৪২২, সঃ বিঃ-২৫.১০)	১৯ সেপ্টেম্বর, ২০২৩, মঙ্গলবার বিকাল ৫:০০টা পর্যন্ত
২	প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময়। (বিধিমালা-১৬(১)	২৬ সেপ্টেম্বর, ২০২৩, মঙ্গলবার বিকাল ৫:০০টা
৩	প্রাথমিক ভোটার তালিকার উপর আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ ও সময়। (বিধিমালা-১৬(২)	২৭ সেপ্টেম্বর থেকে ০২ অক্টোবর, ২০২৩ সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টা
৪	আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার আপত্তির উপর শুনানী গ্রহন ও সিদ্ধান্ত প্রদানের সর্বশেষ তারিখ ও সময়। (বিধিমালা-১৬(২)	০৫ অক্টোবর, ২০২৩, বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকায়
৫	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময়। (বিধিমালা-১৬(৩)	০৭ অক্টোবর, ২০২৩, শনিবার বিকাল ৫:০০ ঘটিকা
৬	নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের তারিখ ও সময়। (বিধিমালা-১৫.১.ঘ) মনোনয়ন পত্র জমাদানের সময় নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলীর ৫নং ক্রমিকে বর্ণিত ডকুমেন্টসসমূহ এবং মনোনয়ন ফি জমাদানের রশিদ আবশ্যিকভাবে দাখিল করতে হবে।	০৮- ১২ অক্টোবর, ২০২৩ সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টা
৭	মনোনয়ন পত্র বাছাই ও বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ ও সময়। (বিধিমালা-১৫.১.ঙ)	১৪ অক্টোবর, ২০২৩ শনিবার বিকাল ৫:০০ টা
৮	মনোনয়নপত্র বাতিল সম্পর্কে আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ ও সময়। (বিধিমালা-১৫.৬)	১৫-১৭ অক্টোবর, ২০২৩ সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টা
৯	মনোনয়ন পত্র বাতিল সম্পর্কিত দাখিলকৃত আপত্তির উপর আপীল বোর্ড কর্তৃক শুনানী ও সিদ্ধান্ত প্রদান। (বিধিমালা-১৫.৬)	২১ অক্টোবর, ২০২৩ শনিবার বেলা ১২:০০ ঘটিকায়
১০	বৈধভাবে মনোনীত প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ ও সময়। (বিধিমালা-১৫.৭)	২১ অক্টোবর, ২০২৩ শনিবার বিকাল ৫:০০টা
১১	প্রার্থীপদ প্রত্যাহারের সর্বশেষ তারিখ ও সময়। (বিধিমালা-১৫.১.জ)	২৫ অক্টোবর, ২০২৩ বুধবার দুপুর ২:০০টা পর্যন্ত
১২	চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ ও সময়। (বিধিমালা-১৫.১.ছ) ও (বিধিমালা-১৫.৭)	২৫ অক্টোবর, ২০২৩ বুধবার বিকাল ৫:০০টা
১৩	**নির্বাচন অনুষ্ঠান** স্থান-এসোসিয়েশনের কার্যালয়, ঢাকা এবং আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম বা সুবিধাজনক অন্য কোন স্থানে। (বিধিমালা-১৫.১.ঝ)	**১৮ নভেম্বর, ২০২৩ শনিবার** সকাল ১০:০০টা হতে বিকাল ৫:০০টা পর্যন্ত (বিরতিহীন)
১৪	ভোট গ্রহণ শেষে ভোট গণনা ও ফলাফল প্রকাশের তারিখ। (বিধিমালা-১৫.১.ঝ)	**১৮ নভেম্বর, ২০২৩ শনিবার** (ভোট গণনা শেষে)
১৫	অফিস বিয়ারার নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সর্বশেষ তারিখ ও সময় (বা. ম. আদেশ-৪২২ তাং-৩১-০২-২০০২)। মনোনয়ন পত্র জমাদানের সময় মনোনয়ন ফি জমাদানের রশিদ আবশ্যিকভাবে দাখিল করতে হবে।	২০ নভেম্বর, ২০২৩ সোমবার দুপুর ২:০০ টা পর্যন্ত
১৬	নির্বাচিত পরিচালকদের ভোটে অফিস বিয়ারার নির্বাচন ও প্রাথমিক ফলাফল প্রকাশের তারিখ ও সময়। (বিধিমালা-১৫.১.ঝ)	২০ নভেম্বর, ২০২৩ সোমবার বিকাল ৫:০০টা পর্যন্ত
১৭	নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ ও সময়। (বা. স. বিধি ১৮(৪)	২১-২৩ নভেম্বর, ২০২৩ সকাল ১০:০০টা হতে বিকাল ৫:০০টা
১৮	আপীল বোর্ড কর্তৃক নির্বাচনী ফলাফলের আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান। (বা. স. বিধি ১৮(৫)	২৭ নভেম্বর, ২০২৩ রবিবার বেলা ১২:০০ ঘটিকা
১৯	**নির্বাচনী বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল প্রকাশ**। (বিধিমালা-১৫.১.ঝ)	২৮ নভেম্বর, ২০২৩ সোমবার বিকাল ৫:০০টা

(ডা. এ. কে. এম. হামিদ)
সদস্য, বিজিএপিএমইএ নির্বাচনী বোর্ড

Nihad Kabir 20082023
(নিহাদ কবির)
সদস্য, বিজিএপিএমইএ নির্বাচনী বোর্ড

২০.০৮.২০২৩
(শামিমা ইয়াসমিন)
চেয়ারম্যান, বিজিএপিএমইএ নির্বাচনী বোর্ড